

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৫১

আগরতলা, ১ ডিসেম্বর, ২০২৩

দামছড়া কৃষি মহকুমায় অয়েল পাম চাষে প্রশিক্ষণ শিবির



দামছড়া কৃষি মহকুমার খেদাছড়ার দুগঙ্গায় সম্প্রতি অয়েল পাম চাষে একদিনের এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে অয়েল পাম চাষে উৎসাহী ৪০ জন কৃষক অংশ নেন। প্রশিক্ষণ শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দামছড়া বিএসির চেয়ারম্যান উপেন্দ্র রিয়াং ও ভাইস চেয়ারম্যান দুশান্ত রিয়াং। শিবিরে অয়েল পাম চাষে প্রশিক্ষণ দেন পানিসাগর কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিশেষজ্ঞ সজল দেববর্মা, মহারাষ্ট্রের গোদরেজ এগ্রোভেট লিমিটেডের চিফ টেকনিক্যাল কনসালটেন্ট সমীর পাইরাইকর, ডিডিএ ধুবজ্যোতি পাল, ডিডিএইচ দেবাশিস চৌধুরী, উত্তর জেলার প্রজেক্ট ম্যানেজার সমীর মুড়াসিং, উত্তর ত্রিপুরা জেলার জেলা উদ্যান কার্যালয়ের সহঅধিকর্তা সন্দীপ চক্রবর্তী, দামছড়া কৃষি মহকুমার তত্ত্বাবধায়ক বিজন শর্মা প্রমুখ। শিবিরে কৃষকদের মধ্যে অয়েল পামের চারা বন্টন করা হয়। তাছাড়াও কৃষকদের মধ্যে মিশ্র চাষের উদ্দেশ্যে কৃষকদের মধ্যে ভুট্টা ও রাজমার বীজও বিতরণ করা হয়। প্রশিক্ষণ শিবিরে উনকোটি ও ধলাই জেলার গোদরেজ কোম্পানি নিযুক্ত সমস্ত ব্লক টেকনিক্যাল গ্র্যাজুয়েটগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দামছড়া কৃষি মহকুমায় সম্প্রতি লঙ্গাই নদীর তীরবর্তী এলাকায় ১০ হেক্টর জমি নিয়ে ক্লাস্টার ভিত্তিতে অয়েল পাম চাষে উদ্যোগ নেওয়া হয়েছে। ৭ জন কৃষককে নিয়ে এই ক্লাস্টার গঠন করা হয়েছে। এখানে আনুষ্ঠানিকভাবে অয়েল পামের চারা লাগানোর কাজ শুরু হয়েছে।
